



ইতালিতে এমন কিছু সংস্থা রয়েছে যারা শোষণের শিকার হয়েছে বা হচ্ছে এমন মানুষদেরকে সুরক্ষা ও সহায়তা প্রদান করে থাকে।

এই সংস্থাগুলো গোপন বাসস্থানে আবাসন, আইনি ও স্বাস্থ্য সহায়তা প্রদানের মাধ্যমে সুরক্ষা প্রদান করে এবং আপনি চাইলে ইতালিতে আপনার অবস্থান নিশ্চিত করতে সহায়তা করতে পারে।

তারা আপনাকে নির্দিষ্ট কিছু শর্তে একটি বিশেষ সহায়তা কার্যক্রম শুরু করার প্রস্তাব দিবে যা আপনাকে শুরুতেই ব্যাখ্যা করা হবে।

আপনি এই সংস্থাগুলোর সাথে যোগাযোগ করতে পারেন তাদের সেবা সম্পর্কে আরও জানতে অথবা তাৎক্ষণিক সহায়তা পেতে।

এই সেবাটি বিনামূল্যে
এবং বেনামী



MINISTERO
DELL'INTERNO



মানব পাচার একটি গুরুতর মানবাধিকার লঙ্ঘন।

আপনি যদি কখনো শোষণের পরিস্থিতিতে পরে থাকেন,
আপনি সহায়তা পেতে পারেন।



কল করুন

800290290

বিনামূল্যে - বেনামী - ২৪ ঘন্টা চালু



"আমি একজন মহিলাকে বিশ্বাস করেছিলাম, যিনি আমার জীবন পরিবর্তনের জন্য আমাকে ইতালিতে পাঠানোর প্রতিশ্রুতি দিয়েছিলেন। এখন, এক ভয়াবহ সফরের পর, আমার ঋণ পরিশোধের জন্য এখানে আমাকে পতিতাবৃত্তি করতে বাধ্য করা হচ্ছে"।

J.R. বয়স ২২ বছর

"আমি দীর্ঘ একটি সফর করেছি কারণ আমার বাবা সিদ্ধান্ত নিয়েছিলেন আমাকে ইউরোপে আসতে হবে আমার পরিবারকে সাহায্য করার জন্য। এখন আমি দৈনিক ১০ ঘন্টা করে সপ্তাহে প্রতিদিন বিশ্রামহীন কাজ করি। আমি যেখানে কাজ করি সেখানেই বাস করি এবং যিনি আমাকে ইতালিতে কাজ দিয়েছেন সেই ব্যক্তির কাছে এখনও সফরের খরচ বাবদ ঋণ শোধ করতে হবে"।



M.H. বয়স ১৮ বছর

"তারা আমাকে এই কথা বলে এখানে আসতে রাজি করান যে, এখানে আমি আরও ভাল জীবন লাভ করতে পারবো। এখন আমি রাস্তায় বাস করি, আমি অর্থের জন্য ভিক্ষা করি এবং সেই টাকা থেকে কিছু টাকা তাদেরকে দিতে হয় যারা আমাকে এখানে নিয়ে এসেছে"।



G.S. বয়স ২০ বছর

আপনি যদি এই পরিস্থিতির একটির মধ্যে নিজেকে পেয়ে থাকেন তবে আপনি:

আইন ও আপনার অধিকার আছে এমন সহায়তা সম্পর্কে তথ্য পেতে পারেন।

আপনার প্রয়োজনীয় চিকিৎসা সহায়তা পেতে পারেন।

নিরাপদ স্থানে থাকার ব্যবস্থা পেতে পারেন, যদি আপনি নিজের নিরাপত্তার ব্যাপারে উদ্বেগ থাকেন।

ইতালিতে থাকতে চাইতে পারেন আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন অথবা অন্য কোনো প্রকৃতির থাকার অনুমতির জন্য আবেদন করার মাধ্যমে।

স্বচ্ছায় ও সহায়ক একটি প্রত্যাবর্তন প্রকল্পের মাধ্যমে নিরাপদে নিজ দেশে ফেরার জন্য আবেদন করতে পারেন।